**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 13-07–2024**
**Time: 07.35–07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Panchayet election :**

রাজ্য নির্বাচন কমিশনের সচিব অসিত দাস জানিয়েছেন ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে গতকাল পর্যন্ত ৯৬ টি মনোনয়ন জমা পড়েছে এরমধ্যে গ্রাম পঞ্চায়েতের জন্য ২৮টি, পঞ্চায়েত সমিতির জন্য ২১টি ও জিলা পরিষদের জন্য ৪৭টি মনোনয়নপত্র জমা পড়ে।

এদিকে, পশ্চিম জেলার জেলা নির্বাচন আধিকারি তথা জেলা শাসক ডাক্তার বিশাল কুমার গতকাল সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন এই জেলায় পাঁচটি ব্লকে আগামী ৮ আগস্ট পঞ্চায়েত ভোট হবে। ৫টি ব্লকে মোট ভোটার রয়েছেন ২ লক্ষ ১৮ হাজার ৩৬২ জন। ৫টি পঞ্চায়েত সমিতির ৬৫টি আসনে এবং পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ১৭টি আসনে ভোট নেওয়া হবে। তিনি আসন্ন ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনকে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে সকল রাজনৈতিক দল, ভোটার ও জনসাধারণের সহযোগিতা কামনা করেছেন।

*****************************

**Kharchi festival :**

খয়েরপুরে চতুর্দশ দেবতা মন্দিরে আগামীকাল থেকে শুরু হচ্ছে খার্চি উৎসব ও মেলা। আজ হবে চতুর্দশ দেবতার স্নান যাত্রা। সাতদিনের উৎসব শান্তিপূর্ণভাবে আয়োজন করতে মেলা কমিটি চূড়ান্ত প্রস্তুতি নিয়েছে। এদিকে, খার্চি পূজা উপলক্ষ্যে সাধারণ

মানুষ ও যানবাহন চলাচলের সুবিধার জন্য ট্রাফিক পুলিশের পক্ষ থেকে যানবাহন চলাচলে কিছু বিধিনিষেধ জারি করেছে। চতুর্দশ দেবতা মন্দিরের উদ্দেশ্যে যাওয়া গাড়িগুলি বিজয় সংঘ এবং দশমীঘাট মাঠে পারকিং করার ব্যবস্থা করা হয়েছে। জিরানিয়া ও চম্পকনগরের দিক থেকে আসা গাড়িগুলি পার্ক করার ব্যবস্থা হয়েছে বুধাই সাহা স্কুল মাঠে। সব সরকারি গাড়ি পার্ক করার জন্য পল্লিমঙ্গল হায়ার সেকেন্ডারি স্কুল মাঠে ব্যবস্থা করা হয়েছে। বাইপাস হয়ে বিশালগড়ের দিক থেকে আসা গাড়িগুলি পার্ক করা হবে কালীতলা এলাকায়। ট্রাফিক পুলিশ আরও জানায়, আগামীকাল থেকে ২০ জুলাই পর্যন্ত সকাল ৮ টা থেকে রাত ১১ টা পর্যন্ত প্রতিদিন জাতীয় সড়ক হয়ে আগরতলার যাওয়া সব ধরনের ভারী যানবাহন মাধববাড়ি ও আমতলি এলাকা পর্যন্ত নিয়ন্ত্রিত হবে। পরিস্থিতি অনুযায়ী যানবাহন নিয়ন্ত্রনের সময়সীমা বাড়ানঅহতে পারে বলে ট্রাফিক পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে।

***********************

**CM Dr. Manik Saha meeting :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহার সঙ্গে গতকাল বৈঠক করেছেন বিএসএফের পূর্বাঞ্চল বিভাগের অতিরিক্ত মহানির্দেশক রবি গান্ধী। বৈঠকে উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্য সচিব জেকে সিং, ত্রিপুরা পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন, বিএসএফের আইজি পুরুষোত্তম দাস সহ অন্যরা। সীমান্ত সুরক্ষা সম্পর্কিত বিষয় নিয়ে তাদের মধ্যে আলোচনা হয়েছে। গতকাল  দুদিনের সফরে রাজ্যে আসেন শ্রী গান্ধী। তিনি বিএসএফ আধিকারিকদের সঙ্গে রাজ্যে ভারত বাংলাদেশ সীমান্তের সুরক্ষা ও অনুপ্রবেশের

বিষয়ে আলোচনা করবেন বলে বিএসএফ ত্রিপুরা ফ্রন্টিয়ার সূত্রে জানা গেছে।

**************************

**PM, NE :**

কেন্দ্রীয় উত্তরপূর্বাঞ্চল উন্নয়ন ও যোগাযোগ মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি উত্তরপূর্বাঞ্চলের রাজ্যগুলিকে ভারতের অগ্রগতির প্রবেশদ্বার হিসাবে বিবেচনা করেন এবং কেন্দ্রীয় সরকার প্রধানমন্ত্রীর স্বপ্নকে বাস্তব রূপ দিতে কাজ করছে। দুদিনের মেঘালয় ও আসাম সফরে এসে গুয়াহাটির লোকপ্রিয় গোপিনাথ বরদলই বিমানবন্দরে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় শ্রী সিন্ধিয়া একথা বলেন। তিনি জানান যে কেন্দ্র ডোনার মন্ত্রকের জন্য বাজেট বরাদ্দ ২৪ হাজার কোটি থেকে বাড়িয়ে প্রায় ৮২ হাজার কোটি করেছে। তিনি বলেন যে উত্তরপূর্বাঞ্চল হল আমাদের প্রাচীন সংস্কৃতির ভান্ডার। কেন্দ্রীয় সরকার 'বিকশিত ভারত' এবং 'বিকশিত পূর্বোত্তর'-এর দৃষ্টিভঙ্গির সঙ্গে সাজুয্য রেখে এই অঞ্চলের পরিকাঠামো, সংযোগ, স্বাস্থ্যসেবা, শিক্ষা, স্টার্টআপ, উদ্যোক্তা এবং পর্যটন উন্নয়নের দিকে মনোনিবেশ করছে।

**********************

**workshop of Govt. advocates :**

সরকারি দপ্তরগুলির সঙ্গে সরকারি আইনজীবীদের আরও নিবিড় সম্পর্ক গড়ে তুলতে গতকাল মহাকরনের কনফারেন্স হলে এক কর্মশালার আয়োজন করা হয়। এই কর্মশালায় আলোচনা করেন অ্যাডভোকেট জেনারেল সিদ্ধার্থ শংকর দে, আইন সচিব সঞ্জয়

ভট্টাচার্য প্রমুখ। উপস্থিত ছিলেন ত্রিপুরা হাইকোর্ট এবং জেলা আদালতে কর্মরত সরকারি আইনজীবীরা।

************************

**Foundation day of NABARD:**

গতকাল নাবার্ডের ৪৩ তম প্রতিষ্ঠা দিবস পালিত হয়েছে। আগরতলায় এক হোটেলে  আয়োজিত অনুষ্ঠানে আলোচনা করেন রাজ্য সরকারের অর্থ সচিব অপূর্ব রায়, নাবারডের জেনারেল ম্যানেজার অনিল এস কোটমিরে , আরবিআই এর ডিজিএম সুদীপ ভট্টাচার্য, ত্রিপুরা গ্রামীন ব্যাঙ্কের চেয়ারম্যান সত্যেন্দ্র সিং সহ অন্যরা। শ্রী কোটমিরে জানান, ভারত সরকার নাবার্ডকে গ্রামীন এলাকার বিকাশ ও কৃষির জন্য তৈরি করেছিল। গ্রামীণ অর্থনৈতিক বিকাশ ও কৃষকদের আর্থিক অবস্থার উন্নতির জন্য কাজ করে আসছে নাবার্ড। তিনি আরও বলেন, বর্তমানে নাবার্ড কৃষকদের সহজভাবে ঋণ দিচ্ছে।

****************************

**Congress deputation :**

শান্তিপূর্ণভাবে আসন্ন ত্রি-স্তর পঞ্চায়েত নির্বাচন সম্পন্ন করার দাবি জানালেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা। গতকাল সন্ধ্যায় তিনি আগরতলায় পুলিশ মহানির্দেশকের উদ্দেশে ডেপুটেশন দিয়ে এই কথা বলেছেন তিনি। শ্রী সাহা কংগ্রেস প্রার্থীদের নিরাপত্তা চেয়েছেন। তিনি জানান, কংগ্রেস কর্মী সমর্থকরা আক্রান্ত হলে পুলিশ মহানির্দেশকের কার্যালয়ের সামনে আন্দোলন করা হবে।

***************************

BSF:

বিএসএফ ত্রিপুরা ফ্রন্টিয়ারের জন সংযোগ আধিকারিক জানিয়েছেন, রাজ্যে সীমান্ত এলাকায় অভিযানে এই বছর ৩০ শে জুন পর্যন্ত ২৮ কোটি ২৫ লক্ষ টাকা মূল্যের মাদক বাজেয়াপ্ত হয়েছে । এই সময়ে সীমান্তে বেআইনি অনুপ্রবেশের অভিযোগে ২০৮ জন বাংলাদেশী, ১৬০ জন ভারতীয় এবং ১৬ জন রোহিঙ্গা আটক করা হয়েছে।

******************************

**AMC raid :**

বেআইনি দখলদারদের বিরুদ্ধে গতকাল শহরের চন্দ্রপুর মোটরস্ট্যান্ড এলাকায় অভিযান করেছে পুর নিগমের পূর্ব জোন। পুর নিগমের এক অফিসার জানান, ফুটপাথ বেআইনিভাবে দখল করে অনেকে ভেন্ডার খুলে বসেছেন। তাদের বিরুদ্ধে অভিযান হয়েছে। ফুটপাথ দিয়ে নির্বিঘ্নে চলাফেরা করতে নিয়মিত অভিযান চলবে বলে জানানো হয়েছে।

*****************************

**Weather :**

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আজকের আকাশ সাধারনত: মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।আজ ভোরের সর্ব নিম্ন তাপমাত্রা ছিল ২৫.৯ ডিগ্রী সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোর সাড়ে পাঁচটা পর্যন্ত ২৪ ঘন্টার ১৭.৯ মিলি মিটার বৃষ্টি হয়েছে।

****************************